

ছুটির দিনে গানের পাখী

আমরা ছুটিতে দেশে গেলে কি করি? আলসেমি, আড্ডা, দাওয়াত, শপিং ... এবং ফিরে আসি দু'একটা অসুখ বাধিয়ে। অমিয়া মতিন ফিরেছেন তিন তিনটা নতুন গানের অ্যালবাম নিয়ে! দু'টি একক এবং অন্যটি সুবীর নন্দী'র সাথে।

‘যেতে হবে কতদূর’ একক অ্যালবামের সুরকার বাসুদেব ঘোষ।

অপর একক, ‘মেঘ জমলেই বৃষ্টি হবে’ অ্যালবামটির সুর ও সঙ্গীত পরিচালনা করেছেন শেখ সাদী খান। অ্যালবাম দু'টির সবগুলো গানই নতুন।

‘এ রাতের এই গান’ - অ্যালবামে অমিয়া গেয়েছেন হারানো দিনের বাংলা গান। এই অ্যালবামে অমিয়ার সঙ্গে কণ্ঠ দিয়েছেন সুবীর নন্দী। অ্যালবামের সঙ্গীতায়োজনে ছিলেন মকসুদ জামিল মিন্টু।

নতুন অ্যালবামগুলোর মোড়ক উন্মোচন উপলক্ষে আয়োজিত হয়েছে দুটি অনুষ্ঠান। প্রথমটি ৩০শে ডিসেম্বর বেঙ্গল ফাউন্ডেশন মিলনায়তনে এবং ২য় টি ৪ঠা জানুয়ারি। এই তিনটি নতুন অ্যালবাম সহ অমিয়া মতিনের প্রকাশিত মোট সিডির সংখ্যা দাড়ালো আট।



‘যেতে হবে কতদূর’ একক অ্যালবামের মোড়ক উন্মোচন অনুষ্ঠান (৩০/১২/২০০৯)
বাম থেকে: মিলন মহম্মদ, সুবীর নন্দী, অমিয়া মতিন, শেখ সাদী খান, মুজতবা আহমেদ মুর্শেদ, রিয়াজ মাহমুদ ও বাসুদেব ঘোষ।

‘মেঘ জমলেই বৃষ্টি হবে’ ও ‘এ রাতের এই গান’ এর মোড়ক উন্মোচন অনুষ্ঠান (৪/১/২০১০)

বাম থেকে: অমিয়া মতিন, ফৌজিয়া খান, শেখ সাদী খান, বাসুদেব ঘোষ, শরিফ তালুকদার এবং সুবীর নন্দী

